বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নক্সা ও গবেষণা) এর দপ্তর
পানি ভবন, ৭২,গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

**নম্বর:** ৪২.০১.০০০০.০০০.০৩২.০৬.০০০৩.২৫.১৩৩

তারিখ: ১১ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
২৬ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**বাপাউবো'র নকশা ও গবেষণা দপ্তরসমূহের সার্বিক কার্যক্রমে গতি আনয়ন, তথ্য-প্রযুক্তির ব্যবহার বৃদ্ধি, প্রকৌশলীগণের দক্ষতা, প্রয়োজনীয় লজিস্টিক সাপোর্ট বৃদ্ধি, গবেষণাধর্মী কাজ বাস্তবায়ন/সৃজনশীল নকশা প্রণয়ন, নকশা সংশ্লিষ্ট কাজ বাস্তবায়নের বিভিন্ন অন্তরায়সমূহের যথাযথ সমাধানসহ বিবিধ বিষয়ে অনুষ্ঠিত সভার কার্য-বিবরণী ও সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন প্রসঙ্গে।**

সভাপতি : জনাব মোঃ রাফিউস সাজ্জাদ, পিইঞ্জ, অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা), বাপাউবো, ঢাকা

সভার সূত্র : অত্র দপ্তর স্মারক নং: ৪২.০১.০০০০.০৩২.৯৯.০০১.২৫-৩২২; তারিখ: ২০/১০/২০২৫ খ্রি.

সভার তারিখ ও স্থান : ২৩ অক্টোবর, ২০২৫ খ্রি: বৃহস্পতিবার। মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের দপ্তরের সম্মেলন কক্ষ (পানি ভবন, লেভেল-৫, কক্ষ নং-৫০৭)।

সভার সময় : বিকাল ৩.০০ ঘটিকা।

উপস্থিতি : সংযোজনী অনুযায়ী।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপস্থিত প্রধান প্রকৌশলীগণ (মনিটরিং, পরিকল্পনা, পানি বিজ্ঞান ও নকশা), নকশা দপ্তরের তত্ত্বাবধায়ক প্রকৌশল, নির্বাহী প্রকৌশলীগণ ছাড়াও অন্যান্য প্রকৌশলীগণ তাদের বাপাউবো'র নকশা ও গবেষণা দপ্তরসমূহের সার্বিক কার্যক্রমে গতি আনয়ন, তথ্য-প্রযুক্তির ব্যবহার বৃদ্ধি, প্রকৌশলীগণের দক্ষতা, প্রয়োজনীয় লজিস্টিক সাপোর্ট বৃদ্ধি, গবেষণাধর্মী কাজ বাস্তবায়ন/সৃজনশীল নকশা প্রণয়ন, নকশা সংশ্লিষ্ট কাজ বাস্তবায়নের বিভিন্ন অন্তরায়সমূহের যথাযথ সমাধানসহ বিবিধ বিষয়ে মতামত উপস্থাপন করেন। উত্থাপিত তথ্য এবং আলোচ্য বিষয়ে অন্তর্ভুক্তিমূলক আলোচনার প্রেক্ষিতে সভার সভাপতি কর্তৃক বিভিন্ন দিক-নির্দেশনা প্রদান করা হয়।

**সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ ও বাস্তবায়ন উদ্যোগ:**

বাপাউবো'র নকশা ও গবেষণা দপ্তরসমূহের সার্বিক কার্যক্রমে গতি আনয়ন, তথ্য-প্রযুক্তির ব্যবহার বৃদ্ধি, প্রকৌশলীগণের দক্ষতা, প্রয়োজনীয় লজিস্টিক সাপোর্ট বৃদ্ধি, গবেষণাধর্মী কাজ বাস্তবায়ন/সৃজনশীল নকশা প্রণয়ন, নকশা সংশ্লিষ্ট কাজ বাস্তবায়নের বিভিন্ন অন্তরায়সমূহের যথাযথ সমাধানসহ বিবিধ বিষয়ে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রম নং | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী দপ্তর |
|---|---|---|
| ০১ | বাপাউবো'র আওতাধীন পানি-অবকাঠামোসহ বিভিন্ন অবকাঠামো নির্মাণে বিদ্যমান ডিজাইন ম্যানুয়াল হালনাগাদ এবং যেসকল অবকাঠামোর ডিজাইন ম্যানুয়াল নেই তা দেশীয়/আন্তর্জাতিক বিভিন্ন নির্দেশনার আলোকে আদর্শ ডিজাইন ম্যানুয়াল তৈরিকরণ। | প্রধান প্রকৌশলী, পরিকল্পনা দপ্তরের উদ্যোগে উপযুক্ত কার্য-পরিধির আলোকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে বাস্তবায়ন করবেন। |
| ০২ | সিভিল/পূর্ত ও যান্ত্রিক কাজের কারিগরি স্পেসিফিকেশনে প্রয়োজনীয় বিভিন্ন উপকরণ সংযোজন/হালনাগাদকরণ এবং প্রয়োজনে বিভিন্ন ধারা সংযোজন করে তা যুগোপোযোগীকরণ। | প্রধান প্রকৌশলী, নকশা ও গবেষণা দপ্তরের উদ্যোগের মাধ্যমে উপযুক্ত কার্য-পরিধি আলোকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে বাস্তবায়ন করবেন। |

| | | |
|---|---|---|
| ০৩ | ডিজাইন প্রণয়ণে সহায়ক বিভিন্ন সফটওয়্যারসমূহ যেমন ড্রাফটিং ক্যাটগিরিতে: Autocad; জিওটেকনিক্যাল ক্যাটগিরিতে: Geo5, Plaxis; স্ট্রাকচারাল ক্যাটগিরিতে: Etabs/Staad Pro, SAFE; জিআইএস ক্যাটগিরিতে: ArcGIS Pro নকশা দপ্তরসমূহে জরুরি ভিত্তিতে original version সরবরাহ ও প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা। | প্রধান প্রকৌশলী, পরিকল্পনা/রিভার ম্যানেজমেন্ট/আইসিজেড এন্ড সিসিএম দপ্তরের আওতাধীন প্রস্তাবিত প্রকল্পের অধীন/মাধ্যমে সফটওয়্যার ক্রয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। |
| ০৪ | বাপাউবো ছাড়াও এলজিইডি, সড়ক ও জনপথসহ সরকারী অন্যান্য সংস্থার দর-তফসিল অনুযায়ী এলিম্যান্ট/আইটেম সংক্রান্ত দর বিশ্লেষনের জন্য একটি সফটওয়্যার/অ্যাপ তৈরিকরণে উদ্যোগ গ্রহণ। | সংশ্লিষ্ট নকশা সার্কেল (নকশা সার্কেল-২), কেন্দ্রিয় আইসিটি পরিদপ্তরের যৌথ উদ্যোগের মাধ্যমে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে বাস্তবায়ন করবেন। |
| ০৫ | নকশা প্রণয়ন কাজে, মাঠ পর্যায় হতে বিভিন্ন ডাটা/উপাত্ত/কারিগরি প্রস্তাব প্রেরণ হতে নকশা প্রস্তুত এবং তা মাঠ দপ্তরে প্রেরণের লক্ষ্যে যুগপোযোগী একটি ওয়েব-ভিত্তিক সফটওয়্যার/অ্যাপ তৈরি। | প্রধান প্রকৌশলী, মনিটরিং দপ্তরের উদ্যোগের মাধ্যমে কেন্দ্রিয় কেন্দ্রিয় আইসিটি পরিদপ্তর নিজে অথবা কারিগরি প্রকল্প প্রস্তাব গ্রহণের মাধ্যমে বাস্তবায়ন করবেন। |
| ০৬ | সকল নকশা দপ্তরসমূহের মাঝে নকশা সংক্রান্ত ডাটা/তথ্য-উপাত্ত/ফাইল শেয়ারিং এর জন্য একটি আলাদা সাব-ডোমেন তৈরি করে একটি আধুনিক ফাইল/ডাটা সার্ভার বরাদ্দ প্রদানসহ এর সেবা দ্রুত নিশ্চিতকরণ। | প্রধান প্রকৌশলী, নকশা ও গবেষণা/পরিকল্পনা দপ্তরের সহায়তায়, কেন্দ্রিয় আইসিটি পরিদপ্তর নিজে অথবা কারিগরি প্রকল্প প্রস্তাব গ্রহণের মাধ্যমে বাস্তবায়ন করবেন। |
| ০৭ | প্রধান প্রকৌশলী, নকশা ও গবেষণা এবং প্রধান প্রকৌশলী, পরিকল্পনা দপ্তরের আওতাধীন লাইব্রেরিকে ডিজিটাইজেশনের মাধ্যমে আধুনিকায়ন করার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ। | প্রধান প্রকৌশলী, পরিকল্পনা দপ্তরের উদ্যোগের মাধ্যমে/কারিগরি প্রকল্প প্রস্তাবের প্রেক্ষিতে বাস্তবায়ন করবেন। |
| ০৮ | নকশা কাজে গতি আনয়ন তথা কাজের পরিধি বৃদ্ধির জন্য নকশা প্রকৌশলী, CAD Operator/নকশাকার ছাড়াও দাপ্তরিক বিভিন্ন কাজের জন্য প্রয়োজনীয় সংখ্যক জনবল নিযুক্তকরণসহ যাতায়াত ব্যবস্থায় সুবিধা প্রদান নিশ্চিতকরণ। | অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) দপ্তরের আওতাধীনে প্রধান প্রকৌশলী, প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর/সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে বাস্তবায়ন করবেন। |
| ০৯ | নকশা দপ্তরসমূহে স্যাটেলাইট ভিত্তিক হাইড্রোলজিক্যাল ও মরফোলজিক্যাল ডাটা বিশ্লেষণসহ তথ্য-উপাত্ত বিশ্লেষণে জিআইএস ভিত্তিক সাপোর্ট/সেবা বৃদ্ধিকরণ। | প্রধান প্রকৌশলী, মনিটরিং দপ্তর আওতাধীন কেন্দ্রিয় জিআইএস পরিদপ্তর ও প্রধান প্রকৌশলী, পানি বিজ্ঞান দপ্তর এ কাজ বাস্তবায়ন করবেন। |
| ১০ | বাপাউবো'র কার্য-পরিধি/ম্যান্ডেট অনুযায়ী অবকাঠামোর নকশা প্রস্তুতে, নকশা প্রকৌশলীগণের দক্ষতা উন্নয়নে দক্ষ প্রশিক্ষকের আওতায় প্রতিনিয়ত দেশীয় ও আন্তর্জাতিক মানের প্রশিক্ষনের ব্যবস্থা গ্রহণ। | অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) দপ্তরের আওতাধীনে প্রধান প্রকৌশলী, প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর দপ্তরের উদ্যোগের মাধ্যমে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে বাস্তবায়ন করবেন। |
| ১১ | নকশাকাজে সৃজনশীলতা আনয়নে গবেষণামূলক কার্যক্রম বৃদ্ধিতে সংশ্লিষ্ট আন্তর্জাতিক বিভিন্ন জার্নালে online প্রবেশের সুযোগ তৈরি/পরিসর বৃদ্ধি করা; বিভিন্ন বৈদেশিক বিশ্ববিদ্যালয়/সংস্থার সাথে যৌথভাবে টেকনোলজি ও নলেজ শেয়ার করার ব্যবস্থা গ্রহণে উদ্যোগ গ্রহণ। | প্রধান প্রকৌশলী, মনিটরিং ও পরিকল্পনা দপ্তরের সমন্বিত উদ্যোগের মাধ্যমে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে বাস্তবায়ন করবেন। |
| ১২ | নকশাকাজে গবেষণামূলক কাজ বৃদ্ধির পাশাপাশি একটি পৃথক গবেষণা সেল তৈরি এবং গবেষণাধর্মী কাজ বাস্তবায়নে প্রয়োজনীয় বাজেট বরাদ্দ নিশ্চিতকরণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ। | প্রধান প্রকৌশলী, পরিকল্পনা ও অর্থ পরিদপ্তরের মাধ্যমে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে বাস্তবায়ন করবেন। |
| ১৩ | উদ্ভাবন এবং সহযোগিতাকে উৎসাহিত করার জন্য তরুণ ও প্রবীণ নকশা প্রকৌশলীগণের মধ্যে জ্ঞান, দক্ষতা এবং অভিজ্ঞতা বিনিময় করার জন্য প্রধান প্রকৌশলী, নকশা ও গবেষণা কে মাসিক/ত্রৈমাসিক অন্তত একটি সভা আয়োজন নিশ্চিত করতে হবে। | প্রধান প্রকৌশলী, নকশা ও গবেষণা দপ্তরের উদ্যোগের মাধ্যমে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে বাস্তবায়ন করবেন। |

| | | |
|---|---|---|
| ১৪ | বাপাউবো'র বিগত প্রণীত নকশাসহ সমসাময়িক নকশাসমূহের একটি ডিজিটাল আর্কাইভ সংবলিত ডাটাবেজ/অ্যাপ প্রস্তুতকরণ। | নকশা ও গবেষণা দপ্তরের সহায়তায়, কেন্দ্রিয় আইসিটি পরিদপ্তর নিজে/ কারিগরি প্রকল্প প্রস্তাব গ্রহণের মাধ্যমে বাস্তবায়ন করবেন। |
| ১৫ | পূর্ব উল্লেখিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি বিষয়ক মাসিক মনিটরিং প্রতিবেদন অত্র দপ্তরে দাখিলের জন্য একটি কমিটি গঠন। | প্রধান প্রকৌশলী, মনিটরিং দপ্তরের যথাযথ উদ্যোগের মাধ্যমে বাস্তবায়ন করবেন। |

আলোচনা শেষে, সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

**সভার কার্য-বিবরণী প্রেরণ এবং এর আলোকে গৃহীত সিদ্ধান্তসমূহ যথাসময়ে পরিকল্পনা গ্রহণের মাধ্যমে বাস্তবায়নে মহাপরিচালক মহোদয়ের সদয় সম্মতি রয়েছে।**

২৬-১১-২০২৫
মোঃ রাফিউস সাজ্জাদ
অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নক্সা ও গবেষণা) (চলতি দায়িত্ব )
০২২২২২৩০০৪০
adg.planning@bwdb.gov.bd


নম্বর: ৪২.০১.০০০০.০০০.০৩২.০৬.০০০৩.২৫.১৩৩/1 (২৩)

তারিখ: ১১ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
২৬ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা, বাপাউবো, ঢাকা।
২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৩। প্রধান প্রকৌশলী, ডিজাইন এন্ড রিসার্স, বাপাউবো, ঢাকা।
৪। প্রধান প্রকৌশলী, পানিবিজ্ঞান, বাপাউবো, ঢাকা।
৫। প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং, বাপাউবো, ঢাকা।
৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ডিজাইন সার্কেল-১, বাপাউবো, ঢাকা।
৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ডিজাইন সার্কেল-২, বাপাউবো, ঢাকা।
৮। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ডিজাইন সার্কেল-৩ (যান্ত্রিক), বাপাউবো, ঢাকা।
৯। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ডিজাইন সার্কেল-৪, বাপাউবো, ঢাকা।
১০। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ডিজাইন সার্কেল-৫, বাপাউবো, ঢাকা।
১১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ডিজাইন সার্কেল-৬, বাপাউবো, ঢাকা।
১২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), ডিজাইন সার্কেল-৭, বাপাউবো, ঢাকা।
১৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), ডিজাইন সার্কেল-৮, বাপাউবো, ঢাকা।
১৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), ডিজাইন সার্কেল-৯, বাপাউবো, ঢাকা।
১৫। সিএসও টু মহাপরিচালক (ভারপ্রাপ্ত ), বাপাউবো, ঢাকা।
১৬। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৭। ডিজাইন দপ্তরের সংশ্লিষ্ট সকল নির্বাহী প্রকৌশলী/উপ-বিভাগীয় প্রকৌশলী/সহকারী প্রকৌশলী, বাপাউবো, ঢাকা।
১৮। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নক্সা ও গবেষণা) এর দপ্তর, বাপাউবো, ঢাকা।

১৯। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন) এর দপ্তর, বাপাউবো, ঢাকা।
২০। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন) এর দপ্তর, বাপাউবো, ঢাকা।
২১। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) এর দপ্তর, বাপাউবো, ঢাকা।
২২। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (অর্থ) এর দপ্তর, বাপাউবো, ঢাকা।
২৩। দপ্তর কপি।



২৬-১১-২০২৫
সজল কুমার রায়
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)